রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৩৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৯, ২০১৯

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৪৩—৪৫০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৪৫—৯৭৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৫—২১৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৭৬১—২৭৭১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .........সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .........বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..........বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..........কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) .........তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**

**এডিবি-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ আষাঢ় ১৪২৬/০৪ জুলাই ২০১৯

নং **০৯.০০.০০০০.১২৫.১৪.০১০.১৭-১৬১**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য Second City Region Development Project- শীর্ষক প্রকল্পের লোন নেগোসিয়েশনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিনিধিদল গঠন করা হল :

| | | |
|---|---|---|
| (ক) | জনাব ফরিদা নাসরীন, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | দলনেতা |
| (খ) | জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, যুগ্মসচিব (এডিবি-১ অধিশাখা), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | সদস্য |
| (গ) | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, যুগ্মসচিব, ফাবা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | সদস্য |
| (ঘ) | জনাব রবীন্দ্রনাথ বর্ম্মন, যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ। | সদস্য |

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| | | |
|---|---|---|
| (ঙ) | জনাব মোঃ আব্দুর রশীদ খান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা, ডিজাইন ও গবেষণা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। | সদস্য |
| (চ) | জনাব ড. খুরশীদ আলম, উপসচিব, অর্থ বিভাগ। | সদস্য |
| (ছ) | জনাব জি. এম. আতিকুর রহমান জামালী, উপসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ। | সদস্য |
| (জ) | জনাব পরিমল সরকার, উপসচিব, এডিবি-৬ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | সদস্য |
| (ঝ) | জনাব মোঃ আরিফুল ইসলাম, উপ-পরিচালক, আইএমইডি। | সদস্য |
| (ঞ) | জনাব মোহাম্মদ ফাইজুর রহমান, প্রথম সচিব (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড। | সদস্য |
| (ট) | জনাব পীরজাদী ফারজানা হোসেন, সহকারী প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন। | সদস্য |
| (ঠ) | জনাব মোঃ হামিদুল হক, প্রকল্প পরিচালক, দ্বিতীয় নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প। | সদস্য |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১০ জুলাই ২০১৯ | সকাল ১০:০০টা | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। লোন নেগোসিয়েশনের জন্য উপরে বর্ণিত বাংলাদেশ প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পরিমল সরকার**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২০ আষাঢ় ১৪২৬/০৪ জুলাই ২০১৯

নং **৩৩.০০.০০০০.১১৭.৯৯.০২৩.১১-৩৩৫**—আদিষ্ট হয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ পর্যায়ের ডিপ্লোমা সনদধারী **১১**তম গ্রেডে উন্নীত পদে কর্মরত নিম্নোক্ত ০৫ (পাঁচ) ক্যাটাগরীর কর্মচারীদের পদবি "উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা" হিসেবে পরিবর্তনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

| বিদ্যমান পদবি | পরিবর্তনকৃত পদবি |
|---|---|
| উপজেলা লাইভস্টক এ্যাসিস্ট্যান্ট (ইউএলএ) | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) |
| ভেটেরিনারি ফিল্ড এ্যাসিস্ট্যান্ট (ভিএফএ) | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) |
| কম্পাউন্ডার | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য) |
| ফিল্ড এ্যাসিস্ট্যান্ট এফএ (এ/আই) | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (কৃত্রিম প্রজনন) |
| পোল্ট্রি টেকনিশিয়ান | উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (পোল্ট্রি প্রোডাকশন) |

যথাযোগ্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**শাহীন আরা বেগম,** পিএএ
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রতিষ্ঠান অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ জুলাই ২০১৯

বিষয় : **সরকারি শিশু পরিবার (বালক) ভোলাকে "ফাতেমা খানম শিশু পরিবার (বালক), বাংলাবাজার," ভোলা নামকরণের প্রস্তাব অনুমোদন প্রসঙ্গে।**

নং **৪১.০০.০০০০.০৫৭.৯৮.০৯৮.১৭-৬০**—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি শিশু পরিবার (বালক) ভোলার নাম পরিবর্তন করে "ফাতেমা খানম সরকারী শিশু পরিবার (বালক), বাংলাবাজার," ভোলা নামে নামকরণ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**ডাঃ এস এম আবুল কাশেম**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৩৬.১২.০৭৪.১৪-২০৫**—উপর্যুক্ত বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে সরকার কর্তৃক গত ০৪ ফেব্রুয়ারি ১৯৭৫ খ্রিস্টাব্দ তারিখ হতে নিম্নোক্ত শর্তে ভূতাপেক্ষভাবে "অধিদপ্তর" এবং উক্ত অধিদপ্তরের প্রধান-কে "হেড অব দ্যা ডিপার্টমেন্ট" (Head of the Department) হিসেবে ঘোষণা করা হলো :

ক) এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে ;

খ) বিদ্যমান নিয়োগ-বিধিমালায় প্রয়োজনীয় সংশোধনী আণয়ন করা হবে ;

গ) সংশোধনযোগ্য কোন আইন/নীতি ইত্যাদি (যদি থাকে) সংশোধন করা হবে ; এবং

ঘ) ইতঃপূর্বে সম্পাদিত কর্মকাণ্ডসমূহকে ভূতাপেক্ষভাবে সরকার ঘোষিত অধিদপ্তর কর্তৃক সম্পাদিত হয়েছে মর্মে বিবেচনা করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.০৪৭.১৯-২১২**—State Acquisition And Tenancy Act, 1950 (XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাসত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা | খতিয়ান সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১. | বাহেরগড়া | ১৪৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৩৪১ |
| ০২. | হাড়ীমুড়া | ১৭৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ২০৬ |
| ০৩. | তেলীগ্রাম | ৩১২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৩৩৯ |
| ০৪. | ভাগডড়া | ৩৪১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১০৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৬/০২ জুলাই ২০১৯

নং **৪৩.০০.০০০০.১১৪.০০৬.৩১.২০০৯-২৩৯**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | ভূইয়া বাড়ী জামে মসজিদ<br>গ্রাম : হরিপুর দেওলী<br>ইউনিয়ন : ১০নং খেরুয়াজানী<br>উপজেলা : মুক্তাগাছা<br>জেলা : ময়মনসিংহ। | হরিপুর দেওলী | ৪৫০ | ৭২১ | ০.০৯০০ একর | উত্তর : ভূইয়া বাড়ী<br>দক্ষিণ : কবরস্থান<br>পূর্ব : পুকুর<br>পশ্চিম : মমতাজ ভূইয়া বাড়ী | হরিপুর দেওলী জামে মসজিদ কমিটির পক্ষে সেক্রেটারী | হ্যাঁ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা জামান**
উপসচিব।

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৬/০২ জুলাই ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৯.৩৯৬**—এতদ্বারা নিম্নরূপভাবে "চলচ্চিত্র বিষয়ক জাতীয় পরামর্শক কমিটি" গঠন করা হলো :

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়

**সহ-সভাপতি**

২. মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

৩. সচিব, তথ্য মন্ত্রণালয়

৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৫. সচিব, শিল্প মন্ত্রণালয়

৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৭. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৮. সচিব, আইন ও বিচার বিভাগ

৯. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

১০. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

১১. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

১২. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

১৩. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

১৪. এফবিসিসিআই এর ১ (এক) জন প্রতিনিধি

১৫. বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতি'র ১ (এক) জন প্রতিনিধি

১৬. জনাব মুশফিকুর রহমান গুলজার, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি

১৭. জনাব মোঃ ইফতেখার উদ্দীন (নওশাদ), সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতি

১৮. মিজ সারাহ্ বেগম কবরী, চলচ্চিত্র ব্যক্তিত্ব

১৯. ড. ইনামুল হক, চলচ্চিত্র ব্যক্তিত্ব

২০. মিজ সুবর্ণা মুস্তাফা, চলচ্চিত্র ব্যক্তিত্ব

২১. বাংলাদেশ চলচ্চিত্র সংসদ এর ১ (এক) জন প্রতিনিধি

২২. জনাব ইমদাদুল হক মিলন, সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ

২৩. জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র গবেষক

**সদস্য-সচিব**

২৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)/যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

(ক) চলচ্চিত্র নীতিমালার আলোকে চলচ্চিত্র শিল্পের উন্নয়নে করণীয় বিভিন্ন বিষয়ে পরামর্শ ও সুপারিশ প্রদান ;

(খ) চলচ্চিত্র নীতিমালায় বর্ণিত বিভিন্ন বিষয় বাস্তবায়নে করণীয় সম্পর্কে সরকার এবং সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান ;

(গ) চলচ্চিত্র সংশ্লিষ্ট বিদ্যমান নীতি, আইন ও বিধিমালা পর্যালোচনা করে এসব আইন, নীতি ও বিধির কোন পরিবর্তন, সংশোধন ও পরিমার্জনের প্রয়োজন হলে বা নতুন আইন, নীতি ও বিধির প্রয়োজন হলে, সে বিষয়ে সুপারিশ প্রদান ;

(ঘ) দেশে ও বিদেশে চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন কার্যাবলি অনুসরণ ও পর্যবেক্ষণ করে সেসব কার্যক্রমে অভিজ্ঞতার আলোকে জাতীয় চলচ্চিত্রের উন্নয়নে গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান ;

(ঙ) চলচ্চিত্র নীতিমালা কোনো বিষয় সংশোধন, সংযোজন বা পরিমার্জনের প্রয়োজন হলে সে বিষয়ে সুপারিশ প্রদান ; এবং

(চ) কমিটি বছরে ন্যূনপক্ষে দুইটি সভায় মিলিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**বেতার-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ আষাঢ় ১৪২৬/২৪ জুন ২০১৯

নং **১৫.০০.০০০০.০২১.১৮.৭৭৩.১২-৭৮৫**—যেহেতু, ড. বাবলু কুমার ঘোষ ১৮তম বিসিএস এর মাধ্যমে বিসিএস (তথ্য) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত হয়ে ২৫-০১-১৯৯৯ তারিখে সহকারী বেতার প্রকৌশলী পদে বাংলাদেশ বেতারে যোগদান করেন। পরবর্তীতে তাকে বাংলাদেশ বেতার ঢাকার উপ-স্টেশন প্রকৌশলী পদে পদায়ন করা হয় ;

যেহেতু, ড. বাবলু কুমার ঘোষ-কে University Malaysia, Sabah এ লেকচারার পদে চাকরির জন্য ২৮-০৬-২০১০ তারিখ হতে ০১ (এক) বছরের লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে লিয়েনের মেয়াদ ২৮-০৬-২০১১ তারিখ হতে ২৭-০৬-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর বৃদ্ধি করা হয়। লিয়েন শেষে কর্মস্থলে যোগদান না করায় বাংলাদেশ বেতার কর্তৃক ০৫-১১-২০১৩ তারিখে ১ম দফা এবং ০৮-০১-২০১৪ তারিখে ২য় দফায় নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে তাকে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয় ;

যেহেতু, তিনি কর্মস্থলে যোগদান না করে ৩০-০১-২০১৪ তারিখে চাকরি হতে অব্যাহতি দানের আবেদন করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৫-২০০৭ তারিখের বৈদেশিক চাকরিতে বাংলাদেশী নাগরিকদের নিয়োগ সম্পর্কিত নীতি ও পদ্ধতি সম্পর্কিত রেজিলিউশনের ৬(ছ) অনুচ্ছেদ অনুযায়ী চাকরি হতে পদত্যাগ/ইস্তফা প্রদান সংক্রান্ত সুস্পষ্ট আবেদনপত্র পেশ করার জন্য বাংলাদেশ বেতারের ১৬-০৯-২০১৪ তারিখে তাকে নির্দেশ প্রদান করা হয়। তিনি উক্ত পত্রের কোনো জবাব প্রদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন ;

যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক অসদাচরণ (Misconduct) ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের (Desertion) অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং ৭৭৩/১৭ রুজু করা হয়। তথ্য মন্ত্রণালয় হতে ১৮-০৭-২০১৭ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার দাপ্তরিক, বৈদেশিক ও স্থায়ী ঠিকানায় এবং ই- মেইলে প্রেরণ করা হয়। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ৩১-০১-২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৭(২)(সি) অনুযায়ী তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) জনাব মোঃ মুহিবুল হোসেইনকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় ;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর উপবিধি ৭(৬) মোতাবেক তাকে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য ১৩-০৩-২০১৮ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কোনো জবাব না পাওয়ায় ২য় কারণ দর্শানো নোটিশ ০৫-০৬-২০১৮ তারিখে বহুল প্রচারিত ২টি দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজি) প্রকাশ করা হয় ;

যেহেতু, তিনি কোনো জবাব প্রদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপবিধি ৪(৩)(গ) মোতাবেক অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮-০৬-২০১৩ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অপসারণ (Removal from Service) এর গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় ;

যেহেতু, উক্ত গুরুদণ্ড প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়কে অনুরোধ করা হয় এবং উক্ত কমিশন তথ্য মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

যেহেতু, তিনি বিসিএস (তথ্য) ক্যাডারভুক্ত ১ম শ্রেণির কর্মকর্তা। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপবিধি ৪(৬) অনুযায়ী গুরুদণ্ড প্রদানের ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয় হতে প্রেরিত সার-সংক্ষেপ নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

সেহেতু, বিসিএস (তথ্য) ক্যাডারের কর্মকর্তা, বাংলাদেশ বেতারের উপ-স্টেশন প্রকৌশলী ড. বাবলু কুমার ঘোষ- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপবিধি ৪(৩)(গ) অনুযায়ী কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮-০৬-২০১৩ খ্রিঃ থেকে সরকারি চাকরি হতে অপসারণ (Removal from Service) দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

---

**[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অধিশাখা : কারিগরি-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৭৭.১৩.০০৫.১৬-৪২০**—বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ এর পরিচালনা পর্ষদের গঠন প্রক্রিয়া অনুযায়ী নিম্নোক্ত সদস্যগণকে পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা | পরিচালনা পর্ষদে অবস্থান | মেয়াদ | আইনের ধারা/ উপ-ধারা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ আবদুর রহমান, উপসচিব (কারিগরি-২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য | - | ধারা ৬ এর উপ-ধারা ১ এ দফা (খ) | টিএমডি কর্তৃক মনোনীত |
| ০২. | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য | - | দফা (গ) | মাউশিবি কর্তৃক মনোনীত |
| ০৩. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | সদস্য | - | দফা (ঘ) | ডিটিই কর্তৃক মনোনীত |
| ০৪. | জনাব মোঃ আবদুল আউয়াল, অধ্যক্ষ মুন্সিগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, মুন্সিগঞ্জ। | সদস্য | ০৩ (তিন) বছর | দফা (ঢ) | সরকার কর্তৃক মনোনীত (টিএসসি) |
| ০৫. | জনাব সুফি ফারুক ইবনে আবু বকর পরিচালক, কামরুল ইসলাম সিদ্দিক ইনস্টিটিউট, কুষ্টিয়া। | সদস্য | ০৩ (তিন) বছর | দফা (ত) | সরকার কর্তৃক মনোনীত (বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান) |
| ০৬. | জনাব একেএমএ হামিদ, সভাপতি, ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), ঢাকা। | সদস্য | ০৩ (তিন) বছর | দফা (ধ) | সরকার কর্তৃক মনোনীত (কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার বিশেষজ্ঞ) |
| ০৭. | জনাব মোঃ রমজান আলী, অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা। | সদস্য | ০৩ (তিন) বছর | | |
| ০৮. | জনাব শাহানা বেগম, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা। | সদস্য | ০৩ (তিন) বছর | | |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান**
উপসচিব (কারিগরি-২)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ আষাঢ় ১৪২৬/০৩ জুলাই ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৫৩৮**—বগুড়া জেলার ধুনট থানার মামলা নং-১৮, তারিখ: ৩০-০৬-২০১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রীয় সম্পদ ধ্বংসের লক্ষ্যে জনমনে আতংক সৃষ্টি করে সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রসহ, দেশীয় অস্ত্র ও জিহাদী বই নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৯-৫৩৭**—নাটোর জেলার বড়াইগ্রাম থানার মামলা নং-০৬, তারিখ: ০৮-০২-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জননিরাপত্তা বিঘ্ন করার লক্ষ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে ষড়যন্ত্র করাসহ অপরাধ সংঘটনের চেষ্টা করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ২০ আষাঢ় ১৪২৬/০৪ জুলাই ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-৫৪১**—বরিশাল জেলার মুলাদী থানার মামলা নং-০৮, তারিখ: ০৫-০৬-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা গোপন বৈঠকের মাধ্যমে রাজনৈতিক ইফতার মাহফিল বানচালের ষড়যন্ত্রের অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-৫৪০**—লালমনিরহাট জেলার পাটগ্রাম থানার মামলা নং-১১, তারিখ: ০৯-০৮-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কর্মকান্ডে অর্থায়ন, সমর্থন, প্ররোচিত, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র এবং অপরাধ সংগঠনের অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-৫৪২**—যশোর জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৫০, তারিখ: ০৯-১০-২০১৭ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গী কার্যক্রম সংগঠনের উদ্দেশ্যে বিস্ফারক দ্রব্যাদি নিজ হেফাজতে রাখা, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.২০১৮-৫৪৩**—লালমনিরহাট জেলার কালীগঞ্জ থানার মামলা নং-৩৭, তারিখ: ৩০-০৯-২০১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী জেএমবির সদস্য হয়ে দেশের সার্বভৌমত্ব ও জননিরাপত্তা বিপন্ন করার উদ্দেশ্যে জঙ্গী কার্যক্রম পরিচালনা, পরিকল্পনা ও প্ররোচণা দেওয়ার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ১৮ আষাঢ় ১৪২৬/০২ জুলাই ২০১৯

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৬.১৯-৫৩৯**—কুমিল্লা জেলার নাঙ্গালকোট থানার মামলা নং-০৪, তারিখ: ০৭-০৩-২০১৭ খ্রিঃ মামলাটি তদন্তের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শরীফুল আলম তানভীর**
সহকারী সচিব।

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**পার-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **৫৯.০০.০০০০.১১০.৯৯.০৪৭.১৭-১৯৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৮-০৮-২০১৮ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৫৯.০০.০০৫.৯৪(অংশ-৩)-২২৭ এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ২০-০২-২০১৯ তারিখের স্মারক নং-০৭.১৫৬.০১৫.৪৫.০০.০৫.২০০০-৮৭-এর পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন 'জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট' (NIPORT)-এর অধীনে পরিচালিত 'পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইউস্টিটিউট' (FWVTI)-এর নাম পরিবর্তন করে 'আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট' (RPTI) হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু নূর মোঃ শামসুজ্জামান**
উপসচিব।

---

**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ জুন ২০১৯ খ্রিঃ

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৯.১৮-৫৫**—যেহেতু, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা এর কর্মকালীন সময়ে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করা (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

২। যেহেতু, তিনি উক্ত করাণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১২-০২-২০১৯ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে ডাঃ কামরুন নাহার জানান যে, তিনি গত ১৫-১১-১৯৯৩ খ্রিঃ তারিখে মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ) হিসেবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদান করেন। তিনি যুক্তরাষ্ট্রে যাওয়ার পূর্বে ২০ বছর পরিবার পরিকল্পনা অধিদপ্তরে চাকরি করেছেন। তিনি গত ০১-০৮-২০১৩ খ্রিঃ তারিখে ২ মাসের বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি নিয়ে যুক্তরাষ্ট্রে গমন করেন। পরবর্তী সময়ে তিনি সেখানে S.L.E, Anal Fissure, Osteoporosis ইত্যাদি রোগে আক্রান্ত হয়ে যুক্তরাষ্ট্রে চিকিৎসা গ্রহণ করেন। পরবর্তী সময়ে তিনি মার্চ ২০১৭ খ্রিষ্টাব্দে যুক্তরাষ্ট্রে Thyroid Cancer এ আক্রান্ত হন। তিনি সেখানে ক্যামোথ্যারাপি নেন এবং তাহার Thyroid Operation করান। তিনি দীর্ঘদিন চিকিৎসার পর সুস্থ হয়ে গত ২৭-০৭-২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করেন এবং ২৯-০৭-২০১৮ খ্রিঃ তারিখে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করেন। তাহার যোগদানপত্র অদ্যাবধি গৃহীত হয়নি মর্মে শুনানিকালে জানান। তিনি তার অসুস্থতার স্বপক্ষে ডাক্তারের প্রত্যয়নপত্র/কাগজপত্র দাখিল করেন।

৩। সার্বিক বিবেচনায় অভিযুক্তের অসুস্থতার বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনায় নিয়ে মানবিক কারণে তার অননুমোদিত অনুপস্থিতকালকে ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয়।

৪। সেহেতু, ডাঃ কামরুন নাহার, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), কাউন্দিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাভার, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র, মামলা সংক্রান্ত রেকর্ডপত্র ও তার শারিরীক অসুস্থতার বিষয়টি বিবেচনায় নিয়ে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানপূর্বক মামলাটি নিস্পত্তি করা হলো। তাঁর মোট অননুমোদিত অনুপস্থিতকালের মধ্যে ০১ বছর ০৯ মাস ২ দিন গড় বেতনে, ১ বছর ০৭ মাস ২৩ দিন অর্ধগড় বেতনে এবং ১ বছর ০৫ মাস ২ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এম. সালেহ উদ্দিন**
সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**নীতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জুলাই ২০১৯

নং **৩৬.০০.০০০০.০৬০.০৬.০৩০.১৭-১৫৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এতদ্বারা টানেল কিলন (Tunnel Kiln) ও হাইব্রীড হফম্যান কিলন (Hybrid Hoffman Kiln) পদ্ধতিতে অটো ব্রিকস উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শিল্প হিসেবে ঘোষণা করছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সলিম উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মুদ্রণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৭ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১২০.১৫.০১৬.১৮-২১০**—যেহেতু, জনাব শেখ আনিছুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ স্টেশনারী অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা নিজের পদনাম পরিবর্তন করে সমবেতনস্কেলভুক্ত সহকারী পরিচালক পদে পদায়নের জন্য ২৫-০৪-২০১৮ তারিখ সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। এছাড়াও তিনি মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরকে পাশ কাটিয়ে দাপ্তরিক শৃঙ্খলা ভঙ্গ করে উপযাচক হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত ১৪৯ নম্বর স্মারক এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ১৫০৪ নম্বর স্মারক ব্যবহার করে বিধিবহির্ভুতভাবে ২৯-০৭-২০১৮ তারিখে সরাসরি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর আরও একটি আবেদন করেন। তিনি প্রায় ৮/৯ বছর পূর্ব হতে অর্থাৎ ২৭-০৯-২০১০ তারিখ থেকে হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ভূতাপেক্ষভাবে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদানের জন্য ০৬-০৮-২০১৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব বরাবর পুনরায় একটি আবেদন করেন। তিনি আবেদনসমূহে অসংলগ্ন, অদাপ্তরিক এবং মনগড়া অনেক বক্তব্য উপস্থাপন করেছেন। তাঁর আবেদনসমূহ পর্যালোচনায় প্রতীয়মান হয়, তিনি দাপ্তরিক কাজে মনোনিবেশ না করে বিধি বহির্ভুতভাবে সহকারী পরিচালক পদে পদায়নের জন্য তদবিরে সচেষ্ট ছিলেন। তাঁর জ্যেষ্ঠতার বিষয়টি দীর্ঘদিন পূর্বের হলেও তিনি এ বিষয়ে মহাপরিচালকের নিকট প্রতিকার না চেয়ে সচিব বরাবরে আবেদন করেছেন। আবেদনে তাঁর বক্তব্যসমূহ অসংলগ্ন এবং অসামঞ্জস্যপূর্ণ এবং দাপ্তরিক শৃঙ্খলার পরিপন্থী হিসেবে বিবেচনা করা হয়। তাঁর উপর্যুক্ত আচরণ ও কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনাব শেখ আনিছুর রহমানের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক অভিযুক্ত কর্মকর্তাকে আনীত অভিযোগে বিধি ৪(৩)(গ) অনুযায়ী কেন 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে বা অন্য কোনো উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না এ মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করা এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানানোর জন্য বলা হয়। নির্ধারিত সময়ে তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য নিবেদন করেন।

যেহেতু, ব্যক্তিগত শুনানীর জন্য নির্ধারিত ২৮-০৭-২০১৯ খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। শুনানীতে সরকার পক্ষে জনাব ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ স্টেশনারি অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, অংশ গ্রহণ করেন।

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে উভয় পক্ষের বক্তব্য, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, কারণ দর্শানো নোটিশের জবাব, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তা জনাব শেখ আনিছুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ স্টেশনারী অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগের পর্যাপ্ত ভিত্তি না থাকায় এবং অভিযুক্ত কর্মকর্তাকে একজন প্রবীন কর্মকর্তা, শারীরিকভাবে অসুস্থ এবং মানসিকভাবে বিপর্যস্ত বিবেচনায় এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব শেখ আনিছুর রহমান, হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ স্টেশনারী অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০০১.১৭-৮২৫**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ০৯-১০-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০২.১৭(অংশ-২)-১২৮৫ স্মারকের ক্রমিক নং ০৬ এ "কেশবপুর পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়" কেশবপুর, যশোরকে সরকারি করা হয়। বর্ণিত বিদ্যালয়টির নাম সংশোধন করে "কেশবপুর পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" কেশবপুর, যশোর নামে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।